

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৬.২১-০১৪

তারিখঃ ১৯/০১/২০২২ খ্রিঃ


বিষয়ঃ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পে আউটসোর্সিং পদ্ধতিতে ‘কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং এবং কম্পিউটার এ্যাপ্লিকেশন প্রোগ্রাম’ শীর্ষক প্রশিক্ষণ সেবার জন্য প্রতিষ্ঠান/কোম্পানী বাছাইকরণ সংক্রান্ত দরপত্রের রেসপনসিভ প্রাপ্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের অনুমোদনের বিষয়ে সিপিটিইউ’র মতামত প্রদান।

সূত্রঃ-মহিলা বিষয়ক অধিদপ্তরের স্মারক নং-৩২.০০.০০০০.০৫৬.১৮.০১১.১৭-০১; তারিখঃ ০২/০১/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিআর ২০০৮ এর বিধি অনুযায়ী “অনুমোদনকারী কর্তৃপক্ষ মূল্যায়ন কমিটি গঠন করিবে, তবে যদি পরিচালনা পর্ষদ বা মন্ত্রণালয় অনুমোদনকারী কর্তৃপক্ষ হয়, বা সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি সুপারিশকারী কর্তৃপক্ষ হয়, তাহা হইলে পরিচালনা পর্ষদের সভাপতি বা মন্ত্রণালয় বা বিভাগের সচিবের অনুমোদনক্রমে মূল্যায়ন কমিটি নিয়োগ করিতে হইবে”। মন্ত্রণালয় যদি কোন ক্রয়ের অনুমোদনকারী কর্তৃপক্ষ হয় তাহলে মূল্যায়ন কমিটি অনুমোদিত হতে হবে মন্ত্রণালয়/বিভাগের সচিব কর্তৃক।

০২। উল্লেখ্য, পিপিএ ২০০৬ এর ধারা ৪০(৪) এবং পিপিআর ২০০৮ এর বিধি ৯০(২) অনুযায়ী ১ কোটি টাকার অধিক মূল্যের পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবার দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ১ কোটি টাকার অধিক হলে সিপিটিইউ’র ওয়েবসাইটে প্রকাশ বাধ্যতামূলক।

০৩। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

  
১৯.০১.২০২২  
(মুহম্মদ শামীম কিবরিয়া)  
উপপরিচালক  
(সিনিয়র সহকারী সচিব)  
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

সচিব  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[দৃ. আ.-উপসচিব (উন্নয়ন-১ শাখা)]

**অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ**

১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৫. অফিস কপি।